

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১৬.১৪.০৬৯.২০- ৩৫৫


তারিখ- ১১/১১/২০২০ খ্রি.

**বিষয়:** সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণের নিমিত্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি অনলাইনে পূরণের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। সে মোতাবেক, প্রস্তাবিত প্রকল্পের প্রণয়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্যাদি প্রয়োজন। উক্ত তথ্যাদি সংগ্রহের নিমিত্ত একটি অনলাইন ডাটাবেস তৈরি করা হয়েছে।

২। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে [www.dteplanning.onlinetvet.com](http://www.dteplanning.onlinetvet.com) লিংকে প্রবেশ করে ডাটাবেসে প্রদত্ত ৩টি ফরম যথা: (১) প্রতিষ্ঠানের সাধারণ তথ্য, (২) ট্রেড ও শিক্ষার্থীদের তথ্য ফরম এবং (৩) শিক্ষক ও টেকনিক্যাল স্টাফদের তথ্য অনলাইনে পূরণ করতে হবে।

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল এমপিওভুক্ত প্রতিষ্ঠানের তথ্যাদি প্রদানের তারিখ আগামী ৩০/১১/২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হল। উক্ত তারিখের মধ্যে উল্লিখিত চাহিত তথ্যাদি অনলাইনে পূরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মো: জাহাঙ্গীর আলম)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**বিতরণ:**

- ১। অধ্যক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত সকল ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম) কলেজ।
- ২। অধ্যক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত সকল কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট।
- ৩। অধ্যক্ষ / প্রধান শিক্ষক, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত সকল [এসএসসি (ভোক)/দাখিল (ভোক)] প্রতিষ্ঠান।

**অনুলিপি:**

- ১। পরিচালক (প্রশাসন/ভোকশনাল/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।